দৈনিক ইত্তেফাক

তারিখ ...৬(৪)৯৫ ... ...
পৃষ্ঠা ১ কলাম ৪ ... ...

# আরও ২৮ জন শিক্ষক বরখাস্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। শিক্ষা ছুটি নিয়া নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিশ্ববিদ্যালয়ে ফিরিয়া ন- আসায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরও ২৮ জন শিক্ষককে চাকুরী হইতে বরখাস্ত করা হইয়াছে। ইতিপূর্বে একই অভিযোগে ১ জন শিক্ষকের চাকুরী চলিয়া যায়।

জানা যায়, বর্তমান ঢাকা-বিশ্ববিদ্যালয়ের ৪টি ইনষ্টিটিউটসহ

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

৪৬টি বিভাগের প্রায় ১ হাজার শিক্ষকের মধ্যে ২ শতাধিক ছুটিতে রহিয়াছেন। ইহাদের ৪ বছরের জন্য নির্দিষ্ট ছুটির মেয়াদ অনেকেরই শেষ হইয়াছে। এই প্রসঙ্গে ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ জানান, অনেকের ছুটির মেয়াদ শেষ হওয়ার পর ১০ বছর অতিক্রান্ত হইয়াছে। তবুও বিশ্ববিদ্যালয়ে ফিরিয়া আসে নাই। উল্লেখ্য, শিক্ষ ছুটি নিয়া বিদেশে যাওয়ার পর ফিরিয়া না আসার ঘটনা বৃদ্ধি পাওয়ায় তরুণ শিক্ষকদের বিদেশ যাত্রার বিষয়টি কঠিন হইয়া পড়িয়াছে। অনেক তরুণ শিক্ষক দীর্ঘদিন পূর্বে ছুটির জন্য আবেদন করিয়াও নেতিবাচক সাড়া পাইতেছেন।

সম্প্রতি চাকুরী হইতে বরখাস্ত ২৮ জন শিক্ষক হইতেছেনঃ আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সরকারী প্রফেসর ডঃ আশরাফুল হাসান চৌধুরী আইন বিভাগের প্রফেসর শাহদীন মালিক ও এ, এফ, এম মনিরুজ্জামান। পদার্থবিদ্যার প্রফেসর ডঃ আবুল হাসনাত মোহাম্মদ হোসাইন, জিতেন্দ্রনাথ রায় ও মোঃ রেজাউল করিম। প্রাণ রসায়নের মিসেস নাহিদ বানু, প্রফেসর ফজলে রাব্বি ও মোঃ শাহাবুদ্দিন। ফার্মেসী বিভাগের রেজাউল হাসান মান্নান ও ডঃ কামরুন নাহার মাসুদা। ফিন্যান্স এণ্ড ব্যাংকিং বিভাগের গোলাম রব্বানী, ব্যবসায় প্রশাসন ইনষ্টিটিউটের প্রফেসর এ, এন, এম ওয়াহিদুজ্জামান, ডঃ মোঃ শামসুর রহমান, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগের ডঃ রফিকুল আলম, চারুকলা ইনষ্টিটিউটের আজিজ শরাফী, শাহাদাত হোসেন, আধুনিক ভাষা ইনষ্টিটিউটের ডঃ মিসেস সালিহা বানু হায়দার, শরফুদ্দিন আহমদ, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনষ্টিটিউটের ডঃ অনুতোষ রঞ্জন সাহা, ফলিত পদার্থ বিদ্যার মোঃ জহিরুল হক, ইতিহাস বিভাগের মিসেস ওয়াহিদা হামিদ ও মিসেস শান নোমান, মার্কেটিং বিভাগের প্রফেসর কাজী মোহাম্মদ আলী ও এ, কে, এম, ফজলুল হক শাহ। উদ্ভিদ বিজ্ঞানের এ, কে, এম মাহবুবুল আলম ও এম হাফিজুর রহমান এবং কম্পিউটার কেন্দ্রের হাসান জামিল।